

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

০৫ আগস্ট ২০২৩ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : পাঠান মোঃ সাইদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা।
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন এর ৪র্থ তলা, দৌলতখান, ভোলা।
তারিখ : ০২ আগস্ট, ২০২৩, সময়: সকাল ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিতি : 'পরিশিষ্ট-ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ০৫ আগস্ট ২০২৩ তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১২.০৬.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার এবং গত ২৭ জুলাই, ২০২৩ তারিখ জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভাপতি পাঠ করে শোনান। প্রাপ্ত কার্যবিবরণী এবং গত বছরে গৃহীত কর্মসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্র. নং	তারিখ ও সময়	কর্মসূচি	ব্যবস্থাপনায়
০১	০৫/০৮/২০২৩ সকাল ১০:০০টা	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবন অর্পণ। স্থান: উপজেলা পরিষদ চত্বর, দৌলতখান, ভোলা।	১। সহকারী কমিশনার (ভূমি) - আহবায়ক ২। উপজেলা প্রকৌশলী - সদস্য ৩। উপজেলা শিক্ষা অফিসার - সদস্য ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - সদস্য
০২	০৫/০৮/২০২৩ সকাল ১০:৩০টা	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও সভা পরবর্তী দোয়া অনুষ্ঠান। স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দৌলতখান, ভোলা।	১। উপজেলা প্রকৌশলী - আহবায়ক ২। উপজেলা সমাজসেবা অফিসার - সদস্য ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার - সদস্য ৪। ইমাম, উপজেলা পরিষদ জা. মসজিদ- সদস্য
০৩	০৫/০৮/২০২৩ (বাদ জুমা)	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সকল মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়ে স্বাস্থ্যবিধি মেনে বিশেষ মোনাজাত/ প্রার্থনা।	১। ফিল্ড ইনচার্জ, ইসলামিক ফাউন্ডেশন - আহবায়ক ২। সম্পাদক, উপজেলা পরি. জা. মস. - সদস্য ৩। সভাপতি, ইমাম সমিতি - সদস্য ৪। সভাপতি, উপজেলা পূজা উদ্. পরি. - সদস্য ৫। ইমাম, উপজেলা পরি. জা. মস. - সদস্য
০৪	০৫/০৮/২০২৩	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উপদ্যাপন উপলক্ষ্যে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে দৃশ্যমান স্থানে দৃষ্টিনন্দন ডপ ডাউন ব্যানার প্রদর্শন।	সকল দপ্তর প্রধান
০৫	০৫/০৮/২০২৩ বিকাল ০৪:৩০ মিনিট	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রীতি ফুটবল ম্যাচ এর আয়োজন।	সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা।
০৬	০৫/০৮/২০২৩ সুবিধাজনক সময়	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জীবনী নিয়ে ছাত্র/ছাত্রীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার - আহবায়ক ২। উপজেলা শিক্ষা অফিসার - সদস্য ৩। একাডেমিক সুপারভাইজার - সদস্য



সিদ্ধান্তসমূহ:

- ১। বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, ভোলা-কে অনুরোধ করা হয়।
- ২। উপজেলা পর্যায়ের সকল দপ্তরের সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে ০৫, আগস্ট ২০২৩ তারিখ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।
- ৩। বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আগত বিভিন্ন শ্রেণির লোকজনের মাঝে সুপেয় পানি সরবরাহ করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দৌলতখান, ভোলা-কে অনুরোধ করা হয়।

সর্বশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আমন্ত্রিত ব্যক্তিবর্গসহ সর্বস্তরের জনসাধারণের সর্বাঙ্গিক অংশগ্রহণসহ সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(পাঠান মোঃ সাইদুজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

দৌলতখান, ভোলা।

☎ +৮৮০২৪৭৮৮৯৬৩২০

E-mail: unodaulatkhan@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.২৩.০১৫.২১.৪৯৯

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ১১৬, ভোলা-২।
২. জেলা প্রশাসক, ভোলা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।
৫. অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, ভোলা।
৬. উপজেলা কর্মকর্তা, দৌলতখান, ভোলা।
৭. বীর মুক্তিযোদ্ধা , দৌলতখান, ভোলা।
৮. জনাব , দৌলতখান, ভোলা।
৯. অফিস নথি (সংরক্ষণার্থে)